গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর ১২.০০.০০০০.০১২.১১.০২২.১৯-২২৫

তারিখ : ১৯ ফাল্গুন ১৪২৭ / ০৪ মার্চ ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম ও বেতনস্কেল | পদের সংখ্যা | যোগ্যতা | যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | সরেজমিনে তদন্তকারী<br>গ্রেড-১২<br>টা: ১১৩০০-২৭৩০০/- | ০১<br>(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, গণিত, অর্থনীতি, পরিসংখ্যান বা বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। | ঢাকা, গাজীপুর, নরসিংদী, ফরিদপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, পঞ্চগড়, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।<br><br>তবে সরকারি/ বেসরকারি স্বীকৃত এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |
| ২। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>টাঃ ১১০০০-২৬৫৯০/- | ১৪<br>(চৌদ্দ)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ৪৫ শব্দ, ইংরেজি ৭০ শব্দ থাকিতে হইবে।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ, ইংরেজি ৩০ শব্দ থাকিতে হইবে।<br>(ঙ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ৩। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>টাঃ ১১০০০-২৬৫৯০/- | ০৯(নয়)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৪। | ক্যাটালগার<br>গ্রেড-১৪<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- | ০১(এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী; অথবা<br>কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ। | |
| ৫। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>গ্রেড-১৬<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- | ০২(দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৬। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>টাঃ ৮২৫০-২০০১০/- | ১৮(আঠার)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।<br><br>তবে সরকারি/ বেসরকারি স্বীকৃত এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সকল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন। |

## নিয়োগের শর্তাবলী ঃ

১. আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা বিধি অনুযায়ী অনুসরণ করা হবে।

৩. আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

৪. মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৫. বয়স সীমা (১ মার্চ ২০২১ তারিখ অনুযায়ী) -
 ক. আবেদনকারীগণের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।
 খ. মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারিরীক প্রতিবন্ধী আবেদনকারীগণের জন্য বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর।
 গ. বিভাগীয় প্রার্থীদের জন্য বয়সসীমা ১৮ থেকে ৪০ বছর (কেবল ক্যাটালগার এবং সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে প্রযোজ্য)।

৬. আবেদনকারীগণের মোবাইল ফোনে Teletalk Bangladesh Limited হতে SMS এর মাধ্যমে আবেদনকারীগণকে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

**৭. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://moa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭ মার্চ ২০২১ খ্রি. , সকাল- ১০:০০ টা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ মার্চ ২০২১ খ্রিঃ , বিকাল- ০৫:০০ টা।
- উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিণ ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই **পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিণ প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিণ প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নেবর্ণিত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে **পরীক্ষার ফি বাবদ ১-৫ নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বারো টাকা) সর্বমোট ১১২/- (একশত বারো টাকা) এবং ৬নং ক্রমিকে উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয় টাকা) সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত** Online **আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: MOA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। *Example:* MOA ABCDEF

*Reply: Applicant's Name, Tk-........... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MOA<Space>Yes<Space>PIN and send to 16222.*

**দ্বিতীয়** SMS: MOA<space>Yes<space>PIN **লিখে** Send **করতে হবে** 16222 **নম্বরে।** ***Example: MOA YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOA Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://moa.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীগণকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিণ Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে MOA<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: MOA Help User ABCDEF & send to 16222

PIN Number জানা থাকলে: MOA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: MOA Help PIN 12345678 & send to 16222.

৮. কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষমতা সংরক্ষণ করবেন।

০৪/০৩/২০২১

(মীনাক্ষী বর্মন)
উপসচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (প্রশাসন), কৃষিমন্ত্রণালয়।
৩। উপসচিব, প্রশাসন-২ (সেবা) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।